সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
স্বল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই মাঘ বুধবার, ১৩৭২ ইং 26th Jan. 1966 { ৩৫শ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. SERVE

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার
বিপুলতা আছে।
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
**শিবদুর্গা বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১২ই মাঘ বুধবার সন ১৩৭২ সাল।

## নেতাজীর জন্মদিবস

গত ২৩শে জানুয়ারী রবিবার রঘুনাথগঞ্জ হরিদাসনগর অগ্নিফৌজের সভ্যবৃন্দের উদ্যোগে নেতাজীর জন্মদিবস উপলক্ষে জঙ্গিপুর পৌরসভার দ্বিতলের হলঘরে এক সভা অনুষ্ঠিত হয়। জঙ্গিপুর মহাবিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক শ্রীক্ষিতিরঞ্জন মজুমদার ও প্রথম মুন্সেফ শ্রীঅমরনাথ সাহা মহাশয়দ্বয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। সভায় দেশাত্ম-বোধক গান, আবৃত্তি ও বিতর্ক প্রতিযোগিতা হয়। কৃতী প্রতিযোগিগণকে পারিতোষিক দেওয়া হয়।

## রাজপথ বন্ধ কেন?

### নোটীশ

এই রাস্তায় সকাল ৭টা হইতে বেলা ১টা পর্য্যন্ত সকলপ্রকার যানবাহন প্রবেশ, চলাচল ও অবস্থান নিষিদ্ধ। আদেশানুযায়ী—

চেয়ারম্যান, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী

৫নং ওয়ার্ড রঘুনাথগঞ্জ বাজারপাড়ার ষষ্ঠীতলা মোড়ে ও তুলসীবিহার বাটীর দক্ষিণে উপরের নোটীশ সম্বলিত দুইখানি 'সাইন-বোর্ড' টাঙাইয়া দেওয়া হইয়াছে। সকাল ৭টা হইতে বেলা ১টা পর্য্যন্ত ছয় ঘণ্টাকাল রাস্তা বন্ধ রাখার উদ্দেশ্য কি? এই রাস্তা দিয়া ১৭। ১৮টী ভদ্র পরিবারের লোকজন আবশ্যকমত রিক্সা ও গো-গাড়ী যোগে যাতায়াত করিয়া থাকেন। প্রবীণ চিকিৎসক শ্রীমুরারিমোহন সরকার, এম-বি মহাশয়ের ঔষধালয়ে পীড়িত রোগিগণও গো-গাড়ীযোগে যাতায়াত করেন।

বিগত ১৮৬৯ সালে 'জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী' স্থাপিত হইয়াছে। সুদীর্ঘ ৯৭ বৎসর কাল পরে হঠাৎ ছয় ঘণ্টা রাস্তা বন্ধের তাৎপর্য্য মাননীয় চেয়ারম্যান মহোদয় অজ্ঞ জনসাধারণকে বুঝাইয়া দিলে তাহারা কৃতার্থ হইয়া ধন্য ধন্য করিবে।

## বাণী চরণে
## হতাশের প্রার্থনা




## বিদ্যা ফিরে নে জননী তোর

বিদ্যারম্ভ হ'ল যবে মোর,
হাতে খড়ি দিল গুরু ম'শাই।
তুই মা জননী, বিদ্যাদায়িনী,
তোর পূজা আমি করি মা তাই।
তোরই কৃপায় যশের সহিতে
চারিখানি পাশ পাইনু বেশ;
ঘরে এসে দেখি আমারে পড়া'তে
বিষয় বিভব হয়েছে শেষ।
ছ'মাস না যেতে দেনা ভেবে ভেবে,
পরলোকগত পিতৃদেব;
এ দিকে যে আমি বিদ্যার চোটে
হইয়া পড়েছি হাফ-সাহেব।
দেনা ক'রে টাকা পাঠাতেন বাবা—
তাহাতে কিনেছি বিলাতী বুট;
জমি বেচে বাবা পাঠাতেন টাকা
তাহাতে খেয়েছি চা বিস্কুট।
দেনা দেখে আমি করি নাই ভয়,
মনে মনে মোর ছিল এ বোধ—
ছ'টি মাস যদি হাকিমী করি ত
সকল দেনাই করিব শোধ।
খোসামোদ করি ঘুরিয়া ঘুরিয়া
হাকিমীর নেশা ছুটিল মোর।
পাশ করিলেই হয় না হাকিম,
চাই এতে সুপারিশের জোর

হিতাকাঙ্ক্ষী যত আত্মীয়স্বজন,
যুক্তি সকলে দিল আমায়—
পুলিশে ঢুকিলে হইবে আমার
হাকিমীর চেয়ে অধিক আয়।
এম-এ, পাশ করি দারোগা হইব!
অদৃষ্টের ফের বাপরে বাপ!
আমি হ'নু রাজ, বিধাতা তো নয়,
দু' ইঞ্চ কম বুকের মাপ।
দিন দিন দিন আয়ু হ'ল ক্ষীণ—
বয়স পঁচিশ গত যে প্রায়!
সরকারী পোষ্ট আজ না পাইলে
জীবনে কি আর মিলিবে হায়?
বিদ্যার গরম হইল ঠাণ্ডা,
ভাঙ্গিল আমার দাঁতের বিষ—
পঁচিশ মুদ্রা ভাতা নিয়ে হ'নু
কেরাণী-গিরির এপ্রেন্টিস্।
কিছুদিন পরে হইনু বাহাল
বেতন হইল পঞ্চাশৎ।
(i) আই এর ফুটাক (t) টীর মাথা কাটা
ভুল হইলেই কৈফিয়ৎ।
আপিসের যিনি বড় বাবু মোর,
দু'বেলা তাঁহারে মাখাই তেল।
তবু ভুল পেলে দেন টিটকারী—
'এম-এ পাশ করে এই আক্কেল?'
সারাটা পৃথিবী দেখি অন্ধকার
সাহেব যখন করেন রাগ।
গোটা দুই টাকা উপরি পাইলে
ভাবি আমি আজ মেরেছি বাঘ।
নয়টা বাজিতে আপিসেতে ছুটি,
পেটে দিয়ে ছাই ভস্মটা,
চাবুকের চোটে ছুটে চলে যথা
ছ্যাকড়া গাড়ীর অশ্বটা।
স্বাস্থ্য আমার গিয়াছে ভাঙ্গিয়া
হজম হয় না মুগের জুস্।
হজম হয় শুধু সাহেবের তাড়া,
আর টাকা সিকে যা পাই ঘুস্।
চোর লুটে রাতে আমি লুটি দিনে
মোর চেয়ে ভাল ডাকাত চোর।
স্বাস্থ্য সারল্য ফিরে দে আমার
বিদ্যা ফিরে নে জননী তোর।


# খাদ্য সংরক্ষণই খাদ্য সঞ্চয়

## আপনিও সব্জি সংরক্ষণ করুন

### কি ক'রে সব্জি সংরক্ষণ ক'রবেন?

আপনার অঞ্চলের বি. ডি. ও. অথবা নীচের ঠিকানায় যোগাযোগ ক'রে এই সম্পর্কে পুস্তিকা সংগ্রহ করুন।

খাদ্য সংরক্ষণ ব্যবসায়ী অথবা উৎসাহী জনসাধারণের পরামর্শও সাদরে আহ্বান করা হচ্ছে।

বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন

যুগ্ম কৃষি অধিকর্তা (বিপণন)
মহাকরণ, কলিকাতা
ফোন: ২২-১৬৮১, এক্সটেন্সন—৩৭০

ডবলিউ. বি. (আই অ্যাণ্ড পি. আর) এফ. পি. সি. ৫৬৫ (৮৭)/৬৬


## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

২১৭/৬৫ অন্য

বাদী—নাবালক কুতুবুদ্দিন সেথ দিং
বিবাদী—এজাবত সেথ দিং

৪। রহিমা খাতুন পিতা মৃত আরসাদ খলিফা সাং রঘুনাথপুর, থানা রঘুনাথগঞ্জ হাল মোং আতাউর রহমান ওরফে অটলের বাড়ী সাং ফকিরটোলা চুরিপাড়া থানা ও মহকুমা নবাবগঞ্জ জেলা রাজসাহী পূর্ব্ব পাকিস্থান। প্রতি—

উক্ত নম্বর মোকর্দ্দমায় বাদীগণ থানা হুতি মৌজা হিলোড়া মধ্যে ১৭৮০নং খতিয়ান ভুক্ত ৩০০৯নং দাগ মধ্যে ২২ শতক ভূমির বাবদ স্বত্ব থাকা সাব্যস্তে এবং চিরস্থায়ী নিষেধাজ্ঞার জন্য মোট ১৫৫ টাকা দাবীতে এক মোকর্দ্দমা স্থাপন করিয়াছেন তাহাতে আপনি ৪নং বিবাদী হইতেছেন। উক্ত মোকর্দ্দমার আগামী ১৭/২ তারিখে দিন ধার্য্য হইয়াছে। ইহাতে আপনার কোন বক্তব্য বা জবাব দিবার থাকিলে আপনি উক্ত ধার্য্য দিনে হাজির হইবেন অন্যথায় উক্ত মোকর্দ্দমা আপনার অসাক্ষাতে বিচার হইবে।

By Order of the Court
B. B. Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| | |
|---|---|
| সিটি সেলস অফিস | **সেলস অফিস ও শোরুম** |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | **৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬** |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | **ফোন: ৫৫-৪৩৬৬** |

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেন্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেন্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের***

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়**, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)